তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪

যুগান্তর

# চট্টগ্রাম বোর্ডে পাসের হার বাড়লেও হতাশ কর্তৃপক্ষ

**চট্টগ্রাম ব্যুরো**

চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এইচএসসিতে পাসের হার ৬৪ দশমিক ৬৭ শতাংশ, যা গতবারের চেয়ে ১ দশমিক ১১ শতাংশ বেশি। বোর্ডের ২২৫টি কলেজ থেকে ৮৭ হাজার ৫৪২ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ৫৬ হাজার ১৬ জন। জিপিএ-৫ পেয়েছে ২ হাজার ২৫৩ জন। বৃহস্পতিবার দুপুরে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সম্মেলন কক্ষে এ ফলাফল প্রকাশ করেন পরীক্ষা নিয়ন্ত্রক মাহবুব হাসান। এ সময় বোর্ডের সচিব ড. পীযূষ দত্তসহ অন্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ফলাফলের প্রতিক্রিয়ায় পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, গতবারের চেয়ে এবার পাসের হার ও জিপিএ-৫ দুটোই বেড়েছে। তবে তা আশানুরূপ নয়। তিন পার্বত্য জেলা ও কক্সবাজারের কলেজগুলোর ফলাফল সন্তোষজনক নয়। সব মিলিয়ে ৫৪টি কলেজে পাসের হার ৫০ শতাংশের নিচে। যার নেতিবাচক প্রভাব পড়েছে পরীক্ষার সার্বিক ফলাফলে। পাসের হারে ৫০ শতাংশের নিচে থাকা কলেজের অধ্যক্ষকে ডেকে এর ব্যাখ্যা চাওয়া হবে। বোর্ড সূত্র জানায়, চলতি বছর এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগ থেকে ১৪ হাজার ৭৮৯ জন পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ১১ হাজার ২৬৫ জন। জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ৬৭৪ জন। ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে ৩৯ হাজার ৬৬২ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ২৭ হাজার ৮৯৭। জিপিএ-৫ পেয়েছে ৫২৪ জন। মানবিক বিভাগ থেকে ৩৩ ■ পৃষ্ঠা ৭ : কলাম ৭

# চট্টগ্রাম বোর্ডে পাসের হার

(৩য় পৃষ্ঠার পর)

হাজার ৭ জন পরীক্ষা দিয়ে পাস করেছে ১৬ হাজার ৮৫৪। জিপিএ-৫ পেয়েছে ৫৫ জন। চট্টগ্রামে ছাত্র পাসের হার ৬৩ দশমিক ৬৭ শতাংশ। ছাত্রী পাসের হার ৬৫ দশমিক ৫২ শতাংশ। চট্টগ্রাম মহানগরীতে পাসের হার ৬০ দশমিক ২৩ শতাংশ। জেলায় পাসের হার ৬০ দশমিক ২৩ শতাংশ। মহানগরসহ চট্টগ্রাম জেলায় পাসের হার ৬৭ দশমিক ৫৮, কক্সবাজার জেলায় ৬৩ দশমিক ৭৪, রাঙ্গামাটিতে ৪৭ দশমিক ১৪, খাগড়াছড়িতে ৫১ দশমিক ৭০ ও বান্দরবানে ৬১ দশমিক ৬৪ শতাংশ।

**জিপিএ-৫ এ এগিয়ে থাকা দশ কলেজ :** চট্টগ্রামে জিপিএ-৫ প্রাপ্ত কলেজগুলোর মধ্যে চট্টগ্রাম কলেজ থেকে ৯৮৮ শিক্ষার্থী অংশ নিয়ে ৮৯৪ জন পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ৪৬৯ জন। সরকারি হাজী মোহাম্মদ মহসীন কলেজে ১ হাজার ৫৪৬ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১ হাজার ৪৯১। জিপিএ-৫ পেয়েছে ৪৩৪ জন। চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজে ৭৭৫ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৭৬৪। জিপিএ-৫ পেয়েছে ২১৭ জন। সরকারি কমার্স কলেজে ৮০০ পরীক্ষার্থীর মধ্যে ৭৯৫ জন পাস করেছে। জিপিএ-৫ পেয়েছে ২০৫। চট্টগ্রাম সরকারি সিটি কলেজে ১ হাজার ৯৪৫ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১ হাজার ৭২৬। জিপিএ-৫ পেয়েছে ১৯৮ জন। নৌবাহিনী স্কুল অ্যান্ড কলেজের ৬৬৮ পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬৪৯ জন। জিপিএ-৫ পেয়েছে ৬৪। চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ থেকে ৮৮১ জনের মধ্যে পাস করেছে ৮৩৬। জিপিএ-৫ পেয়েছে ৬১ জন। কক্সবাজার সরকারি কলেজ থেকে পরীক্ষা দিয়েছে ৮৫৫, পাস করেছে ৭৭৪ জন। জিপিএ-৫ পেয়েছে ৬০। হাজেরা তজু ডিগ্রি কলেজ থেকে ১ হাজার ৩২০ জন পরীক্ষায় অংশ নিয়ে পাস করেছে ১ হাজার ২১১। জিপিএ-৫ পেয়েছে ৫২ জন।